

কৃষি বিশ্ববিদ্যালয়ে উত্তেজনা ॥ বিক্ষোভ ভাংচুর ঘেরাও

কৃষি বিশ্ববিদ্যালয় হইতে সংবাদদাতা
। বি.সি.এস (মাৎস্য) ক্যাডার সম্পর্কিত
পি.এস.সির এক সিদ্ধান্তের প্রতিবাদে কৃষি
বিশ্ববিদ্যালয়ে মাৎস্য বিজ্ঞান অনুষদীয় ছাত্র-
ছাত্রীদের মাঝে উত্তেজনা দেখা দিয়াছে।
গতকাল সোমবার মাৎস্য বিজ্ঞান অনুষদ ছাত্র
সমিতি আয়োজিত এক প্রতিবাদ সভা
অনুষদীয় গ্যালারীতে শেষ হওয়ার পর ছাত্ররা
শ্রেণীকক্ষের চেয়ার, টেবিল ও জানালার কাঁচ
ভাংচুর করে। পরে এক বিক্ষোভ মিছিল
ক্যাম্পাস প্রদক্ষিণ করিয়া আমতলায় সমাবেশ
করে। সমাবেশে নেতৃত্ব দেন- ১৯৮১
সালে প্রণীত বিসিএস (মাৎস্য) ক্যাডারের
নিয়োগ বিধি পরিবর্তন করিয়া বি.এস.সি
ফিসারিজ (অনার্স) ডিগ্রীর সহিত সাধারণ
বিশ্ববিদ্যালয়ের প্রাণী বিজ্ঞান ও চট্টগ্রাম
ভার্সিটির মেরিস সায়েন্স ডিগ্রী সমমান করিয়া
বিসিএস (মাৎস্য) ক্যাডারে অন্তর্ভুক্তি করা
সম্পূর্ণ অযৌক্তিক ও নিয়মবহির্ভূত। সমাবেশে
বক্তব্য রাখেন বিশ্বনাথ সরকার (বিটু), আব
জাফর বেপারী, এমদাদুল হক রিপন, বন্দকার
গোলাম মোস্তফা, মাহবুব আলম প্রমুখ।
সমাবেশ শেষে উত্তেজিত ছাত্ররা ভিসির
অফিস দুই ঘন্টা অবরোধ করিয়া রাখে। ভিসি
ডঃ মোহাম্মদ হোসেন বিষয়টি দেখার আশ্বাস
দিলে তাহারা অবরোধ তুলিয়া নেয়।